.

## Our programs

## 1.Fukara

যাকাত বন্টনের ১ নম্বর খাত হল ফুকারা। ফুকারা এর এক বচন হল ফকির। ফকির এমন ব্যক্তিকে বলা হয়, যে নিজের জীবিকার ব্যাপারে অন্যের মুখাপেক্ষী। কোন শারীরিক ত্রুটি বা বার্ধ্যক্যজনিত কারণে কেউ স্থায়ীভাবে অন্যের সাহায্যের মুখাপেক্ষী হয়ে পড়েছে অথবা কোন সাময়িক কারণে আপাতত কোন ব্যক্তি অন্যের সাহায্যের মুখাপেক্ষী হয়ে পড়েছে এবং সাহায্য সহায়তা পেলে আবার নিজের পায়ে দাঁড়াতে পারে, এ পর্যায়ের সব ধরনের অভাবী লোকের জন্য সাধারণভাবে এ শব্দটি ব্যবহৃত হয়ে থাকে। যেমন এতীম শিশু, বিধবা নারী, উপার্জনহীন বেকার এবং এমন সব লোক যারা সাময়িক দুর্ঘটনার শিকার হয়েছে। ফকিরদের জন্য যে সকল কর্মসূচী ফাউন্ডেশন চালু করতে পেরেছে তাহল ঃ

1. Income Generating Pprograme (Myself )
2. Poor Student Stipend
3. Relief & Rehabilitation programs (Food, Cloth, E.materials)
4. Skill Training. 5. Financial assistant (Cash)

উপরোক্ত কর্মসূচীর কিছু চিত্র পাশে দেওয়া হলঃ




**Swing Machine handed over by chief gust justice Sayed Ziaul Karim**



Blanket distribution program at Rajshahi




Relief & Rehabilitation programs **( Food, Cloth, E. materials)**



**Goats handed over by Prof. Aynul Hoque behalf ZWF**



**Cash assistant handed over by by chief gust justice Sayed Ziaul Karim**

.

# Our programs

## 2. Masakin

যাকাত বন্টনের ২ নম্বর খাত হল মাসাকিন। মাসাকিন  হল মিসকিন এর বহু বচন। মিসকীন শব্দের মধ্যে দ্বীনতা, দুর্ভাগ্য পীড়িত অভাব, অসহায়তা ও লাঞ্ছনা অর্থ নিহিত রয়েছে। এদিক দিয়ে বিচার করলে সাধারণ অভাবীদের চাইতে যাদের অবস্থা বেশী খারাপ তারাই মিসকীন। নবী (সা.) এ শব্দটির ব্যাখ্যা করে বিশেষ করে এমন সব লোকদেরকে সাহায্য লাভের অধিকারী গণ্য করেছেন, যারা নিজেদের প্রয়োজন অনুযায়ী উপায়-উপকরণ লাভ করতে পারেনি, ফলে অত্যন্ত অভাব ও দারিদ্রের মধ্যে দিন কাটাচ্ছে। কিন্তু তাদের পদমর্যাদা সচেতনতা কারোর সামনে তাদের হাত পাতার অনুমতি দেয় না। আবার তাদের বাহ্যিক অবস্থাও এমন নয় যে, কেউ তাদেরকে দেখে অভাবী মনে করবে এবং সাহায্য করার জন্য হাত বাড়িয়ে দিবে। হাদীসে এভাবে এর ব্যাখ্যা করা হয়েছেঃ

"যে ব্যক্তি নিজের প্রয়োজন অনুযায়ী অর্থ-সম্পদ পায় না, যাকে সাহায্য করার জন্য চিহ্নিত করা যায় না এবং যে নিজে দাঁড়িয়ে কারোর কাছে সাহায্যও চায় না, সে-ই মিসকীন" অর্থাৎ সে একজন সম্ভ্রান্ত ও ভদ্র গরীব মানুষ।

1. Qurd e Hasana 2. Relief & Rehabilitation programs
3. Skill Training 4. Financial assistant (Cash)

উপরোক্ত কর্মসূচীর কিছু চিত্র পাশে দেওয়া হল ঃ




**Swing Machine handed over by chief gust justice Sayed  Ziaul Karim**




Sacrifice meet  distribution program



Relief & Rehabilitation programs **( Food, Cloth, E. materials)**

.

## 3. Amelin

যাকাত বন্টনের ৩ নম্বর খাত হল আমেলীন অর্থাৎ যারা সাদকা আদায় করা, আদায় করা ধন-সম্পদ সংরক্ষণ করা, সে সবের হিসেব-নিকেশ করা, খাতাপত্রে লেখা এবং লোকদের মধ্যে বণ্টন করার কাজে সরকারের পক্ষ থেকে নিযুক্ত থাকে। ফকীর বা মিসকীন না হলেও এসব লোকের বেতন সর্বাবস্থায় সাদকার খাত থেকে দেয়া হবে। এখানে উচ্চারিত এ শব্দগুলো এবং এ সুরার ১০৩ আয়াতের শব্দাবলী خُذْمِنْأَمْوَالِهِمْصَدَقَةً (তাদের ধন-সম্পদ থেকে সদাকা উসূল করো) একথাই প্রমাণ করে যে, যাকাত আদায় ও বণ্টন ইসলামী রাষ্ট্রের দায়িত্বের অন্তর্ভুক্ত। ইসলামী রাষ্ট্র ব্যবস্থার অনুপুস্থিতিতে বেসরকারী ইসলামী সংস্থা বা বেসরকারী যাকাত প্রতিষ্ঠান আদায় ও বন্টন ব্যবস্থায় নিয়োজিত কর্মচারী, কর্মকর্তা ও  নির্বাহীগন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নির্ধারিত বেতন ভাতা ও সুযোগ সুবিধা পাবেন।



**Dr. Ashraf Uddin Ahmmed** Presiding **as chair is a meeting of Board of Directors**



**Principal Mohammad Solaiman** Presiding **as chair is a meeting of Board of Directors**



Women executives of Zakat welfare Founation



**Relief distribution Team members of Sunamgonj District committee**



Relief distribution Team member Jb. Shamim Bhuyan working for flood effected peoples

## 04. Muallafatul Qulub

যাকাত বন্টনের ৪ নম্বর খাত হল মুয়াল্লাফাতুল কুলুব। মন জয় করার জন্য যাকাতের অর্থ ব্যয় করার যে হুকুম এখানে দেয়া হয়েছে তার উদ্দেশ্য হচ্ছে, যারা ইসলামের বিরোধীতায় ব্যাপকভাবে তৎপর এবং অর্থ দিয়ে যাদের শত্রুতার তীব্রতা ও উগ্রতা হ্রাস করা যেতে পারে অথবা যারা কাফেরদের শিবিরে অবস্থান করেছে ঠিকই কিন্তু অর্থের সাহায্যে সেখান থেকে ভাগিয়ে এনে মুসলমানদের দলে ভিড়িয়ে দিলে তারা মুসলমানদের সাহায্যকারী হতে পারে কিংবা যারা সবেমাত্র ইসলামে প্রবেশ করেছে এবং তাদের পূর্বেকার শত্রুতা বা দুর্বলতাগুলো দেখে আশঙ্কা জাগে যে, অর্থ দিয়ে তাদের বশীভূত না করলে তারা আবার কুফরীর দিকে ফিরে যাবে, এ ধরনের লোকেদেরকে স্থায়ীভাবে বৃত্তি দিয়ে বা সাময়িকভাবে এককালীন দানের মাধ্যমে ইসলামের সমর্থক ও সাহায্যকারী অথবা বাধ্য ও অনুগত কিংবা কমপক্ষে এমন শত্রুতে পরিণত করা যায়, যারা কোন প্রকার ক্ষতি করার ক্ষমতা রাখে না। এ খাতে গণিমতের মাল ও অন্যান্য উপায়ে অর্জিত অর্থ থেকেও ব্যয় করা যেতে পারে এবং প্রয়োজন হলে যাকাতের তহবিল থেকেও ব্যয় করা যায়। এ ধরনের লোকদের জন্য, ফকির, মিসকিন বা মুসাফির হবার শর্ত নেই। বরং ধনী ও বিত্তশালী হওয়া সত্ত্বেও তাদের যাকাত দেয়া যেতে পারে।



**Capital for small businesses to reverted muslim Abul Bashar handed over by justice Sayed Ziaul Karim & Industrialist Md. Gias Uddin Kazol**



Director Prof. Sk. Mahmud Alam and Md. Shahidul Alam FCMA distribution food to flood affected Hidus sent and poor woman



Director Prof. Sk. Mahmud Alam and S. M. Al-Amin Fayejee distribution food to flood affected people.

## 05. Rikak

দাসদেরকে দাসত্ব বন্ধন থেকে মুক্ত করার জন্য যাকাতের অর্থ ব্যয় করা দু'ভাবে হতে পারে। এক, যে দাস তার মালিকের সাথে এ মর্মে চুক্তি করেছে যে, সে একটা বিশেষ পরিমাণ অর্থ আদায় করলে মালিক তাকে দাসত্ব মুক্ত করে দেবে। তাকে দাসত্ব মুক্তির এ মূল্য আদায় করতে যাকাত থেকে সাহায্য করা যায়। দুই, যাকাতের অর্থে দাস কিনে তাকে মুক্ত করে দেয়া। আধুনিক কালে জেল থেকে মুক্তির জন্য যাকাতের টাকা দেয়া যেতে পারে।



## 06. Garimina

অর্থাৎ এমন ধরনের ঋণগ্রস্থ, যারা নিজেদের সমস্ত ঋণ আদায় করে দিলে তাদের কাছে নেসাবের চাইতে কম পরিমাণ সম্পদ অবশিষ্ট থাকে। তারা অর্থ উপার্জনকারী হোক বা বেকার, আবার সাধারণ্যে তাদের ফকীর মনে করা হোক বা ধনী। উভয় অবস্থায় যাকাতের খাত থেকে তাদেরকে সাহায্য করা যেতে পারে। কিন্তু বেশ কিছু সংখ্যক ফকীহ এ মত পোষণ করেছেন যে, অসৎকাজে ও অমিতব্যয়িতা করে যারা নিজেদের টাকা পয়সা উড়িয়ে দিয়ে ঋণের ভারে ডুবে মরছে, তাওবা না করা পর্যন্ত তাদের সাহায্য করা যাবে না।







.

## 07. Fe Sabilil Allah

আল্লাহর পথে শব্দ দু'টি ব্যাপক অর্থে ব্যবহৃত হয়েছে। যেসব সৎকাজে আল্লাহ সন্তুষ্ট এমন সমস্ত কাজই এর অন্তর্ভুক্ত। এ কারণে কেউ কেউ এমত পোষণ করেছেন যে, এ হুকুমের প্রেক্ষিতে যাকাতের অর্থ যে কোন সৎকাজে ব্যয় করা যেতে পারে। কিন্তু এক্ষেত্রে প্রথম যুগের ইমামগণের বিপুল সংখ্যাগরিষ্ঠ অংশ যে মত পোষণ করেছে সেটিই যথার্থ সত্য। তাদের মতে এখানে আল্লাহর পথে বলতে আল্লাহর পথে জিহাদ বুঝানো হয়েছে। অর্থাৎ যেসব প্রচেষ্টা ও সংগ্রামের মূল উদ্দেশ্য কুফরী ব্যবস্থাকে উৎখাত করে ইসলামী ব্যবস্থা প্রতিষ্ঠিত করা। যেসব লোক এ প্রচেষ্টা ও সংগ্রাম রত থাকে, তারা নিজেরা স্বচ্ছল ও অবস্থা সম্পন্ন হলেও এবং নিজেদের ব্যক্তিগত প্রয়োজন পূর্ণ করার জন্য তাদেরকে সাহায্য করার প্রয়োজন না থাকলেও তাদের সফর খরচ বাবদ এবং বাহন, অস্ত্রশস্ত্র ও সাজ-সরঞ্জাম ইত্যাদি সংগ্রহ করার জন্য যাকাতের অর্থ ব্যয় করা যেতে পারে। অনুরূপ ভাবে যারা স্বেচ্ছায় নিজেদের সমস্ত সময় ও শ্রম সাময়িক বা স্থায়ীভাবে এ উদ্দেশ্য নিয়োজিত করে তাদের প্রয়োজন পূর্ণ করার জন্যও যাকাতের অর্থ এককালীন বা নিয়মিত ব্যয় করা যেতে পারে।

এখানে আর একটি কথা অনুধাবন করতে হবে। প্রথম যুগের ইমামগণের বক্তব্য সাধারণত এক্ষেত্রে গাযওয়া শব্দ ব্যবহার করা হয়েছে। এ শব্দটি যুদ্ধের সমর্থক। তাই লোকেরা মনে করে যাকাতের ব্যয় খাতে ফী সাবীলিল্লাহ বা আল্লাহর পথের যে খাত রাখা হয়েছে তা শুধু যুদ্ধ বিগ্রহের জন্য নির্দিষ্ট। কিন্তু আসলে জিহাদ ফী সাবীলিল্লাহ যুদ্ধ বিগ্রহের চাইতে আরো ব্যাপকতর জিনিসের নাম। কুফরের বাণীকে অবদমিত এবং আল্লাহর বাণীকে শক্তিশালী ও বিজয়ী করা আর আল্লাহর দ্বীনকে একটি জীবন ব্যবস্থা হিসেবে কায়েম করার জন্য দাওয়াত ও প্রচারের প্রাথমিক পর্যায়ে অথবা যুদ্ধ বিগ্রহের চরম পর্যায়ে যেসব প্রচেষ্টা ও কাজ করা হয়, তা সবই এ জিহাদ ফী সাবীলিল্লাহর আওতাভুক্ত।

**01. Dawah activities  02 Herar noor/ Nurar Pathshala**
**03. Deluge, Seminar, Camping etc**



**Prominent Alim Moulana Shah Waliullah delivered valuable spech at the Dawah program Dr. Ashraf uddin Ahmmed, Prof. Dr. A N M Ahmmed ullah, Principal Mohammad Solaiman, & Industrialist Md. Gias Uddin Kazol are present in meeting.**







.

## 08. Ibnus Sabil (Traveler )

মুসাফির তার নিজের গৃহে ধনী হলেও সফরের মধ্যে সে যদি সাহায্যের মুখাপেক্ষী হয়ে তাহলে যাকাতের খাত থেকে সাহায্য করা যাবে। এখানে কোন কোন ফকীহ শর্ত আরোপ করেছেন, অসৎকাজ করা যার সফরের উদ্দেশ্য নয় কেবল মাত্র সেই ব্যক্তিই এ আয়াতের প্রেক্ষিতে সাহায্য লাভের অধিকারী হবে। কিন্তু কুরআন ও হাদীসের কোথাও এ ধরনের কোন শর্ত নেই। অন্যদিকে দ্বীনের মৌলিক শিক্ষা থেকে আমরা জানতে পারি, যে ব্যক্তি অভাবী ও সাহায্য লাভের মুখাপেক্ষী তাকে সাহায্য করার ব্যাপারে তার পাপাচার বাধা হয়ে দাঁড়ানো উচিত নয় বরং প্রকৃতপক্ষে গোনাহগার ও অসৎ চরিত্রের লোকদেরকে বিপদে সাহায্য করলে এবং ভাল ও উন্নত ব্যবহারের মাধ্যমে তাদের চরিত্র সংশোধন করার প্রচেষ্টা চালালে তা তাদের চরিত্র সংশোধনের সবচেয়ে বড় উপায় হতে পারে।
যাদের যাকাত দেয়া যাবে না





Blanket  distribution program at Rajshahi





**Moulana Mohsin Uddin Ataher  delivered valuable spech at the 81th Dialogue  on Zakat Management.**




**Mufti Moulana Humaun Kabir  delivered valuable spech at the 81th Dialogue  on Zakat Management.**



**Professor Md. Aynul Hoque  Advissor of  ZWF delivered valuable spech at the 81th Dialogue  on Zakat Management.**




**Dr. Ashraf Uddin Ahmad  delivered valuable spech at the 81th Dialogue on Zakat Management.**




**Dr. Abdul Jabbar Sikder Ex- DG , Ministry of Fisharies and livestock. BD GOVT delivered valuable spech at the 83th Dialogue  on Zakat Management.**



**Professor Dr. A K M Fazlul Hoque Pro-Vice Chancellor of Bangladesh America University  visited ZWF Head office Dhaka.**




Shariah excellence team Member Mufti Hasan bin Siddik, Moulana Mohsin Uddin Ataher, Sheakh Muhammad Mahfuz,   Mufti Moulana Humaun Kabir , S M Al-Amin Fayejee, Md. Tofazzal Hossain present at a meeting

